ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৮৪৮

উদয়পুর,১৭ নভেম্বর,২০২৫

**গোমতী জেলাভিত্তিক পর্যালোচনা সভায় পঞ্চায়েতমন্ত্রী**

**কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের সুবিধা জনগণের কাছে সঠিক সময়ে পৌঁছে দিতে হবে**

কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের সুবিধা জনগণের কাছে সঠিক সময়ে পৌঁছে দিতে হবে। রাজ্যের পঞ্চায়েত এলাকাগুলির সার্বিক উন্নয়নে কেন্দ্রীয় ও রাজ্য সরকার থেকে যে অর্থ প্রদান করা হয়েছে তা নির্দিষ্ট সময়ে ব্যয় করার জন্যও পঞ্চায়েত দপ্তরকে সচেষ্ট থাকতে হবে। আজ গোমতী জেলা পঞ্চায়েতরাজ ট্রেনিং ইনস্টিটিউটের কনফারেন্স হলে গোমতী জেলাভিত্তিক পর্যালোচনা সভায় একথা বলেন পঞ্চায়েতমন্ত্রী কিশোর বর্মন। এই পর্যালোচনা সভায় গ্রামোন্নয়ন দপ্তরের জেলা পঞ্চায়েত আধিকারিক কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়নের উপর বিস্তারিত আলোচনা করেন।

সভায় জেলা পঞ্চায়েত আধিকারিক অনিরুদ্ধ ভট্টাচার্য জানান, গোমতী জেলায় ৪ লক্ষ ৯০ হাজার লোক বসবাস করেন। জেলায় ১টি জিলা পরিষদ, ৩টি মহকুমা, ৮টি ব্লক রয়েছে। এই জেলায় ৭০টি গ্রাম পঞ্চায়েত এবং ১০৩টি ভিলেজ কাউন্সিল মিলিয়ে মোট ১৭৩ গ্রাম পঞ্চায়েত এবং ভিলেজ কাউন্সিল অফিস রয়েছে। সভায় জেলা পঞ্চায়েত আধিকারিক জানান, ২০২৪-২০২৫ অর্থবর্ষে পঞ্চদশ অর্থ কমিশন থেকে প্রাপ্ত অর্থরাশি দিয়ে গোমতী জেলায় উন্নয়নমূলক কাজ চলছে। ইতিমধ্যে চন্দ্রপুর কলোনি গ্রাম পঞ্চায়েতে শ্মশান, ইচাছড়া গ্রাম পঞ্চায়েতে শৌচালয়, কুঞ্জবন এবং গর্জী গ্রাম পঞ্চায়েতে পানীয়জলের ট্যাংক, ইন্দিরানগর গ্রাম পঞ্চায়েতে কমিউনিটি টয়লেট নির্মাণের কাজ শেষ হয়েছে। এতে মোট ব্যয় হয়েছে ১৬ লক্ষ ১৩ হাজার টাকা। এছাড়া মাতাবাড়ি গ্রাম পঞ্চায়েতে নতুন পানীয়জলের ট্যাংক, পালাটানা এবং রাণী গ্রাম পঞ্চায়েতে গেট ও বাউন্ডারি ওয়াল, টেপানিয়া গ্রাম পঞ্চায়েতে কমিউনিটি স্যানিটারি কমপ্লেক্স নির্মাণের কাজ চলছে। তিনি জানান, চলতি অর্থবর্ষে টাইড এবং আনটাইড খাতে এখন পর্যন্ত ৬২ লক্ষ ৩৪ হাজার টাকা বরাদ্দ হয়েছে। এরমধ্যে ৫০ লক্ষ ৩ হাজার টাকা উন্নয়নমূলক কাজে ব্যয় করা হয়েছে। কেন্দ্রীয় সরকার নানাজি দেশমুখ সর্বোত্তম পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার হিসাবে ৫ কোটি টাকা গোমতী জেলাকে প্রদান করেছে। এই অর্থরাশি দিয়ে গোমতী জেলায় উন্নয়নমূলক কাজ চলছে। এরমধ্যে গোমতী জিলা পরিষদের অফিস এবং কনফারেন্স হল সংস্কারের জন্য ২৫ লক্ষ টাকা, ৬০টি গ্রাম পঞ্চায়েতে আধুনিক পরিকাঠামো গড়ে তোলার জন্য ৩ লক্ষ টাকা করে মোট ১ কোটি ৮০ লক্ষ, ৭২৭টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য ২৭ লক্ষ, ৭টি গ্রাম পঞ্চায়েত অফিসের পরিকাঠামো উন্নয়ন জন্য ১ কোটি ৪০ লক্ষ টাকা এবং অন্যান্য উন্নয়নমূলক কাজের জন্য ১ কোটি টাকা ব্যয় করা হবে বলে তিনি জানান। মুখ্যমন্ত্রী মডেল ভিলেজ প্রকল্পে গোমতী জেলার ৮টি ব্লকের ১৪টি গ্রাম পঞ্চায়েত এবং ভিলেজ কাউন্সিলকে ১ লক্ষ ২০ টাকা করে মোট ১৬ লক্ষ ৮১ হাজার টাকা পরিকাঠামো উন্নয়নের জন্য বরাদ্দ করা হয়েছে।

এই সভায় উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, জেলার বিভিন্ন ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু লাথার, পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে, জেলার আটটি ব্লকের বিডিওগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকবৃন্দ।

*****